# স্নাতক পরীক্ষা - ২০২১
# সাম্মানিক বাংলা
## অষ্টম পত্র

পূর্ণমান : ১০০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

১। যে-কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও : ২×৭=১৪

ক) ‘আদাব’ গল্পটি কোন্ পত্রিকায় এবং কোন্ সংখ্যায় প্রকাশিত হয়েছিল?

খ) ‘‘কে বলবে এটা কলকাতার গ্রান্ড হোটেল নয়’’ — কে, কখন একথা বলেছেন?

গ) ক্যাথারসিস বা ভাবমোক্ষণ কাকে বলে?

ঘ) ট্রাজেডির ষড়ঙ্গ বলতে কী বোঝো?

ঙ) ‘ওড’ ও ‘ব্যালাড’-এর সংজ্ঞা লেখো।

চ) ‘‘দেশশুদ্ধ লোকের ভাষা সংকর হয়ে গেছে’’ — এ বক্তব্য দ্বারা প্রাবন্ধিক প্রমথ চৌধুরী কী বোঝাতে চেয়েছেন?

ছ) কথকতা কী?

জ) মেয়েলি ব্রত কাকে বলে?

ঝ) দরবারী ঝুমুর কী?

ঞ) টুসু নামের উদ্ভব কীভাবে হয়েছে?

*[পরের পাতায়]*

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৬×৩=১৮

ক) নরেন্দ্রনাথ মিত্রের ‘রস’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। মোতালেফ কে? ৫+১=৬

খ) টুসু পরব কখন অনুষ্ঠিত হয়? টুসু দেবীর স্বরূপ উল্লেখ করো। ২+৪=৬

গ) ‘ফার্স’ কাকে বলে? উদাহরণসহ ফার্সের বৈশিষ্ট্যগুলি লেখো। ১+৫=৬

ঘ) কমেডির বৈশিষ্ট্যগুলি লেখো। এপিকের একটি বৈশিষ্ট্য লেখো। ৫+১=৬

ঙ) ব্রত কাকে বলে? শাস্ত্রীয় ব্রত ও মেয়েলি ব্রতের পার্থক্য আলোচনা করো। ১+৫=৬

৩। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১২×৪=৪৮

ক) ‘পশ্চিমবঙ্গের লোকসংস্কৃতির ইতিহাসে পুরুলিয়ার ছৌ এক স্বতন্ত্র ধারার’ — আলোচনা করো। পুরুলিয়ার দু’জন বিখ্যাত ছৌ নৃত্য শিল্পীর নাম লেখো। ১০+২=১২

খ) টুসু গানে সীমান্ত বাংলার লোকজীবনের পরিচয় দাও। সীমান্ত বাংলার কোন্ কোন্ অঞ্চলে টুসু মেলা অনুষ্ঠিত হয়? ১০+২=১২

গ) ‘লোকশিক্ষা’ প্রবন্ধ অনুসরণে ‘লোকশিক্ষা’র উপায়গুলি সংক্ষেপে উল্লেখ করো। ‘লোকশিক্ষা’ প্রবন্ধটি কখন এবং কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? ১০+২=১২

ঘ) ‘বাংলার ব্রত’ প্রবন্ধে ব্রতের ছড়ায় লোকজীবনের পরিচয় কীভাবে বিধৃত হয়েছে আলোচনা করো। ভাঁদুলি ব্রত কী? ১০+২=১২

ঙ) ট্রাজেডির উদ্ভব ও ক্রমবিকাশের ইতিহাস সংক্ষেপে লেখো। শেক্সপীরীয় ট্রাজেডির দু’টি বৈশিষ্ট্য উল্লেখ করো। ১০+২=১২

চ) উদাহরণসহ ট্রাজেডির বৈশিষ্ট্যগুলি লেখো। ‘এলিজি’ কী? ১০+২=১২

ছ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘অভাগীর স্বর্গ’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। এই গল্পের মুখ্য চরিত্রগুলির নাম লেখো। ১০+২=১২

জ) ‘আদাব’ গল্পের বিষয়বস্তু সংক্ষেপে লেখো। এই গল্পে কার কীভাবে মৃত্যু হয়েছিল? ১০+২=১২

৪। যে-কোনো **একটি** বিষয়ে নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো : ২০

ক) বাংলা ঐতিহাসিক নাটক।

খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে রাজসভার কবি ও কাব্য।

গ) বিংশ শতাব্দীর বাংলা ছোট গল্প।

ঘ) মহামারী ও বাংলা উপন্যাস।

ঙ) সাময়িক পত্র-পত্রিকা ও বাংলা সাহিত্য।

---